# অ্যাসেম্বলি মেম্বার
# ডায়ানা মোরেনো

## ডিস্ট্রিক্ট ৩৬ । এস্টোরিয়া এবং লং আইল্যান্ড সিটি


গ্রীষ্মকাল ২০২৬ (718) 545-3889 ad36@nyassembly.gov





## Dear Neighbor,

আশা করি আপনাদের গ্রীষ্মকাল ভালো কাটছে। আপনাদের মতো এস্টোরিয়া এবং লং আইল্যান্ড সিটির বাসিন্দাদের জন্য কাজ করার ফাঁকে ফাঁকে আমি প্রায়ই আমার বাচ্চাদের নিয়ে ডাচ কিলস প্লেগ্রাউন্ডে গিয়েছি, ফুটবল বিশ্বকাপ চলাকালীন আমরা একসাথে আমাদের এলাকার দারুণ রেস্টুরেন্টগুলোতে বসে অনেক খেলা দেখেছি। আর অবশ্যই, ৩১ এভিনিউর ওপেন স্ট্রিটের নানা অনুষ্ঠান আর আমাদের ফার্মার্স মার্কেটে আমরা প্রচুর সময় কাটাচ্ছি।



কিন্তু রোজদিন এতো সহজে, আনন্দে কাটে না। আমরা রোজ ক্লাইমেট চেঞ্জের বিপদ অনুভব করতে পারছি। অতিরিক্ত তাপ এবং দাবানল আমাদের চারপাশকে বিষিয়ে তুলছে কিন্তু তা সত্ত্বেও জ্বালানী কোম্পানির মালিকরা লাভ করে চলেছে। ফেডারেল এজেন্টরা আমাদের প্রতিবেশীদের অপহরণ করছে, মানুষকে হত্যা করছে; এরকম আতংকের ঘটনার কথা আমরা সবাই শুনেছি। এই বিশ্বে প্রথম ট্রিলিয়নিয়ারের আবির্ভাব হয়েছে কিন্তু তবুও কুইন্স এ থাকা দিন দিন সাধারণ মানুষের জন্য অসাধ্য হয়ে উঠছে।

**কিন্তু প্রতিবাদ করাতে এক অমূল্য আনন্দ আছে।** আমার এবং আপনার শিশুদের জন্য আমার লড়াইয়ের শেষ নেই। আপনাদের ভরসার জোরে, আমার গত ছয় মাস ধরে আপনাদের অ্যাসেম্বলিমেম্বার হিসেবে কাজ করার সৌভাগ্য হয়েছে। এই ছয় মাসে আমি এই শহরের ধনীতম কোম্পানিদের ট্যাক্স করার লড়াই চালিয়ে গিয়েছি, আমাদের অভিবাসী প্রতিবেশীদের ICE-এর থেকে সুরক্ষিত করার পক্ষে আমি ভোট দিয়েছি, কয়েকশো এলাকাবাসীকে সরকারি সেবা পাইয়ে দিতে আমি সাহায্য করেছি। **কিন্তু আমাদের এখনো অনেক কাজ করা বাকি।**




আমাদের কাজের ব্যাপারে জানতে আর গুরুত্বপূর্ণ তথ্য জানতে এই নিউজলেটার পড়তে থাকুন। আমরা খুব অল্প সময়ে গুণী, জ্ঞানী এবং অনুগত কর্মীদের দিয়ে আমাদের নতুন অফিস গড়ে তুলেছি। আপনার সাহায্য করতে আমরা সব সময়ে হাজির, তাই আমাদের সাথে যোগাযোগ করতে কোনো সংকোচ করবেন না। ফোন, ইমেল করে যে কোনো সাহায্য বা এপয়েন্টমেন্ট চাইতে দ্বিধা করবেন না।

আপনাদের বাকি গ্রীষ্মকাল খুব ভালো কাটুক।

আপনাদের সাথে কুইন্সে দেখা হবে!

আপনাদের পাশে, আপনাদের সাথে,

আপনাদের অ্যাসেম্বলি মেম্বার ডায়ানা মোরেনো

## আমার কাজের প্রথম ৬ মাসে ...

| | | | | |
|---|---|---|---|---|
| আমাদের কর্মীরা **১০০০-এর বেশি** ফোন কলের উত্তরে দিয়েছে | এলাকা বাসীদের **২৫০-এর বেশি** আইনি মামলার সমাধান হয়েছে | **১৮২** অ্যাসেম্বলি বিলের আমরা সহ-প্রস্তাব রেখেছি | **১০টি বিলের** আমরা সূচনা করেছি | তার মধ্যে **২টি বিল** গভর্নরের কাছে প্রেরণ করা হয়েছে |




# নট অন আওয়ার ডাইম!

**মে মাসে আমি নট অন আওয়ার ডাইম! অ্যাক্ট (A.11289)- এর পুনঃসূচনা করেছি। এটি একটি ঐতিহাসিক বিল যা নিউ ইয়র্কের ননপ্রফিট কোম্পানি গুলোকে ইসরাইলের যুদ্ধাপরাধের প্রতি আর্থিক সম্বল দেওয়ার থেকে প্রতিরোধ করবে।**

বহু বছর ধরে, নিউ ইয়র্কে "চ্যারিটি" নিবন্ধিত একাধিক প্রতিষ্ঠান ইসরাইলি বহিরাগতদের আর্থিক সাহায্য করেছে এবং ঐ দেশের হিংসাত্মক সেনাকে সাহায্য করেছে। এরা আমাদের রাজ্যে ট্যাক্স ব্রেক পাওয়াকালীন গাজা এবং ওয়েস্ট ব্যাংকে হতে থাকা যুদ্ধে ইন্ধন জুগিয়েছে। নট অন আওয়ার ডাইম! অ্যাটর্নি জেনারেলকে এইসব প্রতিষ্ঠানকে জরিমানা করতে সাহায্য করবে, আন্তর্জাতিক আইন লঙ্ঘন করা এইসব প্রতিষ্ঠানের "নন প্রফিট" মর্যাদা বাতিল করবে।

এই বিলের সূচনা ৩ বছর আগে হয়েছে। এই ৩ বছরে, আমাদের ট্যাক্সের বিলিয়ন ডলারেরও বেশি অর্থ ব্যাপক গণহত্যায় সহায়তা করেছে। কিন্তু সময় পাল্টাচ্ছে, অনেক মার্কিন মানুষ এখন এই যুদ্ধের বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছে।

**নিউ ইয়র্কের বিধানকর্তা হিসেবে নট অন আওয়ার ডাইম! পাস করা আমাদের নৈতিক কর্তব্য।**

# ICE কে উচ্ছেদ করতে হবে!

রেনে গুড, আলেক্স প্রেটি, নুরুল আমিন শাহ আলম এবং আরো অনেকের প্রাণ নেওয়ার পর, সম্প্রতিকালে, ICE এজেন্টরা দুজন অভিবাসী পিতা, লোরেনজো সালগাদো আরাউহো এবং হোয়ান সেবাস্তিয়ান গেরেরোর হত্যা করেছে। এতে বোঝা যায় যে জননিরাপত্তা, ন্যায্য প্রক্রিয়া, বা মানবিকতার প্রতি ICE-এর কোনোই সম্মান নেই।




আমি গর্বিত যে আমি মে মাসে ICE এজেন্টদের মুখোশের আড়ালে লুকোনোর বিরুদ্ধে আমি ভোট দিতে পেরেছি। নিউ ইয়র্কে অভিবাসীদের আটক করার ব্যবসার বিরুদ্ধে আমি দাঁড়িয়েছি। ICE এবং পুলিশের মধ্যে সম্পর্ক ভাঙার দাবিতে আমি ভোট দিয়েছি। আমি আমার সহকর্মীদের অনুপ্রাণিত করেছি যাতে তাঁরা নিউ ইয়র্ক ফর অল অ্যাক্টের (A.3506) (গভর্নর ক্যাথি হোকল এর বিরোধিতা করছেন) সহায়তা করে। এটি চালিত হলে ICE এবং পুলিশের সব সম্পর্ক থামানো যাবে।

জুলাই মাসে মাইনোরিটি লিডার চাক সুমার আর হাকিম জেফ্রিস কে উদ্দেশ্য করে লেখা চিঠির আমি একজন সহরচয়িতা। এটির দ্বারা প্রত্যেকটি কংগ্রেস সদস্যকে আহ্বান জানানো হয়েছে যাতে তাঁরা ICE-এর উচ্ছেদ সমর্থন করেন। নিউ ইয়র্ক রাজ্যের ১৪০-এরও বেশি রাজ্য এবং স্থানীয় বিধায়ক এই চিঠির সমর্থন করেছেন। আমার ক্ষমতার পরম পর্যায় গিয়ে আমি ICE-এর বিরোধিতা করবো এবং এই দুর্বৃত্ত এজেন্সির থেকে নিউ ইয়র্কের বাসিন্দাদের রক্ষা করবো।

# আমাদের এলাকায়:



*২০ মে: অ্যাসেম্বলিমেম্বার মোরেনো রিস সেটেলমেন্ট স্প্রিং আর্টস ফেস্টিভালে রাভেনসউড এলাকার বাসিন্দাদের সাথে যোগদান করেন*




*২০ জুন: সক্রেটিস স্কাল্পচার পার্কে প্রাইড ফেস্টিভালে অ্যাসেম্বলিমেম্বার মোরেনো যোগদান করেন এবং একটি ঘোষণা-পত্রের সূচনা করেন*



*২ জুলাই: চরম গরমের মধ্যে নিজের অফিসকে কুলিং সেন্টার বানিয়ে অ্যাসেম্বলিমেম্বার মোরেনো এস্টোরিয়া বাসিন্দাদের আমন্ত্রণ জানান*




*১১ জুলাই: কুইন্সব্রিজ ফ্যামিলি ডেতে অ্যাসেম্বলিমেম্বার মোরেনো কুইন্সব্রিজ হাউসেস রেসিডেন্ট এসোসিয়েশন-এর প্রেসিডেন্ট করিন হেন্সকে সংবর্ধনা জানান*

# আপনাদের সুবিধার জন্য:

## এসেনশিয়াল প্ল্যান ছাঁটাই

১ জুলাইয়ে ট্রাম্প সরকারের পুঁজিগ্রাসের কারণে ৪৫০,০০০ নিউ ইয়র্কবাসী এসেনশিয়াল প্ল্যানের অধীনে তাদের স্বাস্থ্য বীমা হারিয়েছেন। আপনিও যদি বীমা হারিয়ে থাকেন তাহলে নিউ ইয়র্ক রাজ্য আপনাকে সাহায্য করতে পারে। যদি স্বাস্থ্য বীমা আপনার সামর্থ্যের বাইরে হয়, তাহলে NYC Care দ্বারা কম খরচে বা বিনা খরচে আপনি বীমা পেতে পারেন। আরো জানতে, **nyc.gov/healthcoverage**-এ যান, বা **(347) 665-0214**-এ ফোন করে এনরোলমেন্ট কাউন্সিলারের সাথে কথা বলুন।

## আমাদের গ্রীষ্মকালের বই পড়ার চ্যালেঞ্জে অংশগ্রহণ করুন!


গরমের ছুটিতে বাচ্চাদের বই পড়ার অভ্যাস করাতে আমি একটি বই পড়ার প্রতিযোগিতার আয়োজন করছি। ৪০ দিন ধরে যারা দিনে অন্তত ১৫ মিনিট বই পড়বে, তাদেরকে আমার অফিস থেকে একটি সার্টিফিকেট দেওয়া হবে। QR কোড স্ক্যান করে ফর্ম পূরণ করুন।

## SNAP সুবিধা হারাবেন না

ট্রাম্প সরকারের নতুন কর্ম নিয়মের কারণে ২২০০০-এর বেশি নিউ ইয়র্কবাসী জুন মাসে নিজেদের SNAP সুবিধা হারিয়েছেন। আপনিও যদি এই সুবিধা হারিয়ে থাকেন বা নতুন নিয়মের প্রভাব জানতে চান, **718-SNAP-NOW**-এ ফোন করুন বা **visit nyc.gov/ohsnap**-এ যান।

## আসন্ন চাকরির বাজার

চাকরি খুঁজছেন? আগামী **৯ সেপ্টেম্বর, বুধবার** আমাদের অফিস দ্বারা সহ-আয়োজিত চাকরির বাজার অনুষ্ঠিত হতে চলেছে। স্থান: চকলেট ফ্যাক্টরি থিয়েটার (38-33 24th St, Astoria, NY 11101) সকাল ১০ টা থেকে দুপুর ৩টা আরো জানতে আমাদের সাথে যোগাযোগ করুন।



গ্রীষ্মকাল ২০২৬-এর নিউজলেটার

অ্যাসেম্বলিমেম্বার

# Diana Moreno

ডিস্ট্রিক্ট ৩৬, এস্টোরিয়া এবং লং আইল্যান্ড সিটি

(718) 545-3889 ad36@nyassembly.gov

*Escanee el código QR para leer este boletín en español.*

এই নিউজলেটারটি বাংলায় পড়তে QR কোডটি স্ক্যান করুন

امسح رمز الاستجابة السريعة (QR) لقراءة هذه النشرة الإخبارية باللغة العربية.

# আমাদের প্রথম টাউন হলে আপনাকে আমন্ত্রণ জানাই



বৃহস্পতিবার, **২০ আগস্ট, সন্ধ্যা ৭ টায়**, Zoom-এর মাধ্যমে যোগ দিন। অ্যাসেম্বলিমেম্বার ডায়ানা মোরেনো শপথ নেওয়ার প্রথম ৬ মাস এবং তাঁর প্রথম লেজিসলেটিভ সেশনের রিপোর্ট জানাবেন। অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬-এর অন্য সদস্যরা আরো অনেক কার্যকরী তথ্য জানাবেন।

**অংশগ্রহণ করতে QR কোড স্ক্যান করুন বা bit.ly/morenotownhall-এ যান।**